



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১৬ সেপ্টেম্বর ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়ির বেতছড়িতে সেটলার কর্তৃক পাহাড়িদের জায়গা বেদখলের চেষ্টা

ইউপিডিএফ-এর নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিট দপ্তর থেকে দেয়া এক বিবৃতিতে খাগড়াছড়ি সদর উপজেলাধীন কমলছড়ি ইউনিয়নের মধ্য বেতছড়িতে আজ ১৬ সেপ্টেম্বর মঙ্গলবার সকালে সেটলার বাঙালি কর্তৃক পাহাড়িদের ভোগদখলীয় জায়গা বেদখলের চেষ্টার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়েছে।

বিবৃতিতে অভিযোগ করে বলা হয়, মঙ্গলবার সকাল আনুমানিক ৮টার দিকে ভুয়াছড়ি গুচ্ছস্থানের ২০/২৫ জনের একদল সেটলার মধ্য বেতছড়ির পাহাড়িদের ভোগদখলীয় জায়গা বেদখল করতে যায়। তারা নীতিময় চাকমা(৩৫) পিতা -মক্কাপেদা চাকমার জুমক্ষেতের পার্শ্ববর্তী স্থান থেকে জঙ্গল কাটা শুরু করে। পরে খবর পেয়ে স্থানীয় পাহাড়িরা বাধা দিতে গেলে সেটলাররা উত্তেজনা সৃষ্টির চেষ্টা করে ও পাহাড়িদের উপর হামলার চেষ্টা চালায়। এ সময় সেটলাররা নীতিময় চাকমার বাড়িটি ভেঙে দেয়।

বিবৃতিতে বলা হয়, একটি শক্তিশালী মহলের প্রত্যক্ষ মদদে সেটলাররা বিভিন্নভাবে পাহাড়িদের জায়গা বেদখল প্রক্রিয়া অব্যাহত রেখেছে। এসবের বিরুদ্ধে প্রতিবাদ করতে চাইলে সংঘবদ্ধভাবে পাহাড়িদের উপর হামলা চালানো হয়, তাদের ঘরবাড়ি জ্বালিয়ে-পুড়িয়ে ছাড়খার করে দেয়া হয়। যার ফলে সেটলাররা বার বার পাহাড়িদের জায়গা-জমি বেদখলে উৎসাহিত হচ্ছে।

বিবৃতিতে অবিলম্বে জায়গা বেদখল চেষ্টাকারী সেটলারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ, সেটলারদের পার্বত্য চট্টগ্রাম থেকে সরিয়ে সমতলে সম্মানজনক পুনর্বাসন ও ভূমি বেদখল বন্ধে কার্যকরী পদক্ষেপ গ্রহণের দাবি জানানো হয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।